দর্শনায় স্কুল ছাত্রী অপহরণের তিন দিন পেরিয়ে গেলেও উদ্ধার করতে পারিনি পুলিশ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর শহরের দর্শনা বালিকা বিদ্যালয় সংলগ্ন এলাকা থেকে জিনিয়া (১৭) নামে এক স্কুলছাত্রীকে জোরপূর্বক অপহরণ করে নিয়ে গেছে শাওন সহ তার লোকজন। গত বৃহস্পতিবার (১২ নভেম্বর) দুপুরে তাকে অপহরণ করা হয়।

অপহরনের তিন দিন পেরিয়ে গেলেও পুলিশ তাকে উদ্ধার করতে পারেনি। অপহৃত জিনিয়া উপজেলার সীমান্তবর্তী জয়নগর গ্রামের জসিম উদ্দিনের মেয়ে। তিনি দর্শনা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী।

অপহৃত বাবা জসীমউদ্দীন জানান, গত বৃহস্পতিবার দুপুরে দর্শনা বালিকা বিদ্যালয় থেকে পরীক্ষা শেষে বাড়ি ফেরার পথে বিদ্যালয় সংলগ্ন এলাকায় পূর্ব থেকে ওৎ থাকা দর্শনা মোবারকপাড়ার মৃত গুদা ছেলে শাওন সহ ২-৩ জন তাকে অস্ত্রের মুখে মোটরসাইকেল যোগে অপহরণ করে নিয়ে যায়। ওই রাতেই আমি নিজে বাদী হয়ে শাওনের নাম উল্লেখ করে দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করি।

তিন দিন অতিবাহিত হলেও পুলিশ আমার মেয়েকে উদ্ধার করতে পারেনি। তিনি আরো বলেন, শাওন দীর্ঘদিন ধরে আমার মেয়েকে প্রেমের প্রস্তাব দিয়ে আসছিল। আমার মেয়ে প্রস্তাবে রাজি না হওয়ায় তাকে অপহরণ করে নিয়ে যাওয়ার হুমকি দেয় শাওন। আমি সহ আমার পরিবারের লোকজন শাওনের পরিবারকে অবহিত করলেও এর কোন প্রতিকার পায়নি। অবশেষে এ ঘটনা ঘটে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন জানান, কি কারনে তাকে তুলে নিয়ে গেছে জানা যায়নি। ধারণা করা হচ্ছে প্রেমের সম্পর্কে এই ঘটনা ঘটতে পারে। তদন্তের পর প্রকৃত ঘটনা জানা যাবে। তিনি আরো জানান, স্কুলছাত্রীর বাবা জসীমউদ্দীন ঘটনার দিনে শাওনের নাম উল্লেখ করে থানায় লিখিত একটি অভিযোগ দায়ের করেছে। পুলিশ স্কুল ছাত্রীকে উদ্ধার এবং দোষী ব্যক্তি কে গ্রেপ্তার করতে জোর তৎপর রয়েছে।